



বিকেএসপি সাপ্তাহিক তথ্য প্রবাহ (৩১/১২/২০২৩ - ০৬/০১/২০২৪)



গত ৩১ ডিসেম্বর ২০২৩ বিকেএসপি'র ২০তম মহাপরিচালক ব্রিগেডিয়ার জেনারেল আনোয়ার সাদাত আবু মোঃ ফুয়াদ, পিএসসি'কে অবসর জনিত বিদায় জানানো হয় এবং বিকেএসপি'র ২১তম মহাপরিচালক হিসেবে ব্রিগেডিয়ার জেনারেল সৈয়দ মোঃ মোতাহের হোসেন, এনডিসি, পিএসসি



গত ৩১ ডিসেম্বর ২০২৩ তারিখে নবনিযুক্ত মহাপরিচালক অডিও ভিজ্যুয়াল সেন্টারে বিকেএসপি'র সর্বস্তরের কর্মকর্তা-কর্মচারীদের সাথে প্রথমবার মতবিনিময় সভায় অংশগ্রহণ করেন। তিনি সকলকে সততা ও নিষ্ঠার সাথে কাজ করার আহ্বান জানান। উক্ত সভায় বিকেএসপি'র আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্রসমূহের কর্মকর্তা-কর্মচারীগণও ভার্চুয়ালি সংযুক্ত ছিলেন।



গত ০১ জানুয়ারি, ২০২৪ তারিখে বিকেএসপি নিয়ন্ত্রিত পাবলিক স্কুল ও কলেজের বই উৎসব অনুষ্ঠানে ছাত্র-ছাত্রীদের হাতে নতুন বছরের বই তুলে দেন পরিচালনা বোর্ডের সম্মানিত সভাপতি ব্রিগেডিয়ার জেনারেল সৈয়দ মোঃ মোতাহের হোসেন, এনডিসি, পিএসসি

গত ৪ জানুয়ারি, ২০ বিকেএসপি'র নবনিযুক্ত মহাপরিচালক সৈয়দ মোঃ মোতাহের হোসেন বাফুফে'র আপিল কমিটির সভায় বিকেএসপি'র ফুটবল দলের উপর আরোপিত শাস্তি তুলে নেওয়া প্রসঙ্গে এক সংবাদ সম্মেলনে বক্তব্য রাখেন। উক্ত সম্মেলনে তিনি সত্যের জয়ের মাধ্যমে বিকেএসপি ও বাফুফে'র মধ্যকার ভুল বোঝাবুঝির অবসান হয়েছে বলে মন্তব্য করেন। মহাপরিচালক আগামী দিনে এ দু'টি প্রতিষ্ঠানকে জাতীয় স্বার্থে এক সাথে কাজ করার উদাত্ত আহ্বান জানান।

